

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাঁচবিবি, জয়পুরহাট

স্মারক নং ৩২.০১.৩৮৭৪.০০০.১৪.০০১.১৮-৪

তারিখ: ০১/০১/২০২১ খ্রি:।

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াদীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য নিম্নবর্ণিত পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	স্কেল/সাকুল্যে বেতন	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
০১।	সঙ্গীত শিক্ষক	৭ টি	অনুর্ধ্ব ৩০ বছর (অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য)	দৈনিক ভিত্তিক ৫০০/- টাকা। (সপ্তাহে এক দিন)	এস.এস.সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও তালিকাভুক্ত শিল্পী/সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
০২।	আবৃত্তি শিক্ষক	৭ টি	অনুর্ধ্ব ৩০ বছর (অভিজ্ঞ প্রার্থীদের বয়স শিথিলযোগ্য)	দৈনিক ভিত্তিক ৫০০/- টাকা। (সপ্তাহে এক দিন)	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও তালিকাভুক্ত শিল্পী/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

শর্তাবলী:


- আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স (২০/০১/২০২১ তারিখে), জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা (সকল পরীক্ষার নাম, পাসের বৎসর, প্রাপ্ত বিভাগ/শ্রেণী ও বোর্ড/বিশ্ববিদ্যালয়) বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর ও অভিজ্ঞতা উল্লেখপূর্বক আবেদনপত্র উপজেলা নির্বাহী অফিসার পাঁচবিবি, জয়পুরহাট বরাবরে লিখতে হবে। ২০/০১/২০২১ ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট এই ঠিকানায় অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন পত্র পৌঁছাতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
(ক) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত ছবি, (খ) ইউনিয়ন পরিষদ/পৌর মেয়র প্রদত্ত নাগরিকত্ব, জাতীয়তার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ পত্র, (গ) মুক্তিযোদ্ধা প্রার্থী/সন্তানদের ক্ষেত্রে অবশ্যই বাংলাদেশ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ পত্রের সত্যায়িত অনুলিপি।
- দাখিলকৃত সনদপত্র, ছবি এবং অন্যান্য কাগজপত্র অবশ্যই ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে এবং নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- বিভাগীয় প্রার্থী/সরকারী প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। কোন অগ্রীম কপি গ্রহণ করা হবে না।
- আবেদন বাছাইয়ের পর যাদের আবেদন বিবেচিত হবে কেবলমাত্র তাদেরকে লিখিত পরীক্ষা/ইন্টারভিউ এর আহবান করা হবে।
- পরীক্ষার তারিখ ও সময় আবেদনে প্রাপ্ত মোবাইল নম্বরে জানানো হবে।
- এ সকল প্রার্থী সংশ্লিষ্ট জেলা/উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলার প্রার্থী না পাওয়া যায় তা হলে পার্শ্ববর্তী জেলা/উপজেলা হতে এ সকল প্রার্থী চূড়ান্ত করা হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন পত্র গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের খামের উপরে নিজ জেলা ও পদের নাম অবশ্যই উল্লেখ্য করতে হবে।
- চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- যেকোন কারণে নিয়োগ বিজ্ঞপ্তি হ্রাস/বৃদ্ধি, স্থগিত করণ /বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

অনুলিপি সদয় স্তোত্রার্থে

- প্রকল্প পরিচালক, কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প, মবিঅ ঢাকা।
- জেলা প্রশাসক, জয়পুরহাট।
- উপ-পরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাঁচবিবি, জয়পুরহাট।

বিতরণ:

- নোটিশ বোর্ড, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পাঁচবিবি, জয়পুরহাট।
- নোটিশ বোর্ড, পাঁচবিবি পৌরসভা, পাঁচবিবি, জয়পুরহাট।
- নোটিশ বোর্ড, শিল্প কলা একাডেমী, জয়পুরহাট।
- উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পাঁচবিবি, জয়পুরহাট। (ওয়েব সাইটে প্রকাশের জন্য)


(মো. বরমান হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
পাঁচবিবি, জয়পুরহাট
